

অনেক কথা যাও যে ব'লে কোনো কথা না বলি ।
 তোমার ভাষা বোঝার আশা দিয়েছি জলাঞ্জলি ॥
 যে আছে মম গভীর প্রাণে ভেদিবে তারে হাসির বাণে,
 চকিতে চাহ মুখের পানে তুমি যে কুতূহলী ।
 তোমারে তাই এড়াতে চাই, ফিরিয়া যাই চলি ।
 আমার চোখে যে চাওয়াখানি ধোওয়া সে আঁখিলোরে—
 তোমারে আমি দেখিতে পাই, তুমি না পাও মোরে ।
 তোমার মনে কুয়াশা আছে, আপনি ঢাকা আপন-কাছে—
 নিজের অগোচরেই পাছে আমরা যাও ছলি
 তোমারে তাই এড়াতে চাই, ফিরিয়া যাই চলি ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail